

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৯৯.০০১.১৭.৩১

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৪

১৯ নভেম্বর ২০১৭

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিতর্কিত রাজনৈতিক দলের রাষ্ট্রবিরোধী কার্যকলাপের  
বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৭/৮/২০১৭ তারিখে নানিয়ারচর কলেজের হলরুমে পিসিপি নানিয়ারচর কলেজ শাখার সভাপতি তুষণ চাকমার সভাপতিত্বে ইউপিডিএফ সমর্থিত পিসিপি নানিয়ারচর কলেজ শাখার নবীনবরণ ২০১৭ এবং ৫ম কলেজ শাখা কাউন্সিল অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের ব্যানারে শ্লোগানটি ছিল "পূর্ণ স্বায়ত্তশাসন পার্বত্য চট্টগ্রামে একমাত্র রাষ্ট্রীয় সমাধান" উক্ত অনুষ্ঠানে নানিয়ারচর সদর ইউপি চেয়ারম্যান জ্যোতি লাল চাকমা, সাবেক ইউনিয়নের চেয়ারম্যান সুশীল চাকমা অংশগ্রহণ করেন।

২। নানিয়ারচর উপজেলায় ইউপিডিএফ এর আধিপত্য থাকায় উক্ত এলাকায় দলটির কার্যকলাপ অনেকাংশে স্বেচ্ছাচারী এবং ঔদ্ধত্যপূর্ণ বলে জানা যায়। এ প্রেক্ষিতে তারা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদেরকে নিজস্ব রাজনৈতিক উদ্দেশ্য হাসিলে ব্যবহার করতে চেষ্টা করছে। শিক্ষার্থীদের কেউ কেউ প্ররোচনায় প্রভাবিত হয়ে আবার অনেকে চাপ ও ভয়ভীতির সম্মুখীন হয়ে অনিচ্ছা সত্ত্বেও উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে। উক্ত দলটির মাধ্যমে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের স্কুল চলাকালীন সময়ে রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করানো এবং শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরে নিয়মিত অনুষ্ঠান আয়োজনের অজুহাতে রাষ্ট্রবিরোধী শ্লোগান ব্যবহারের মত আচরণ ভবিষ্যতের জন্য হুমকি।

৩। সংগঠনটির পত্যক্ষ ও পরোক্ষ ইন্ধনে এবং সহযোগিতায় কুতকছড়ি "মাউরুম ডিগ্রি কলেজ" নামে একটি কলেজ প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। এ উদ্দেশ্য হলো প্রতিষ্ঠানটিতে তাদের মতাদর্শে দিক্ষিত ভবিষ্যত কর্মী তৈরি করা এবং রাষ্ট্রবিরোধী রাজনৈতিক উদ্দেশ্য পূরণের সম্পূর্ণক বলে ধারণা করা যায়। তারা অল্প বয়স্ক ও কোমলমতি এই শিক্ষার্থীদের শুরুর থেকেই তাদের মতাদর্শে অনুপ্রাণিত করার প্রচেষ্টা চালাচ্ছে। এ ভাবে চলতে থাকলে নানিয়ারচর এলাকাটির আইন শৃংখলা পরিস্থিতি যথেষ্ট অবনতি হওয়ার সম্ভাবনা রয়েছে।

৪। বর্ণিত অবস্থায়, উপরোক্ত মতামতের আলোকে শিক্ষা প্রতিষ্ঠানে বিতর্কিত সংগঠন ইউপিডিএফ এর সরকার ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড বন্ধের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় প্রশাসন কর্তৃক উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে কঠোরভাবে নজরদারীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-১১-২০১৭

নাছিমা খানম

সিনিয়র সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৯৯.০০১.১৭.৩১/১(৩)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৪  
১৯ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৯-১১-২০১৭

নাহিমা খানম

সিনিয়র সহকারী সচিব